

সাধারণ বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা।

website: www.sbc.gov.bd

সরকারি সম্পত্তি সাধারণ বীমা কর্পোরেশনে বীমাকরণের বিধি-বিধান সম্পর্কিত বিজ্ঞপ্তি

সাধারণ বীমা কর্পোরেশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর অধীন একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। বর্তমানে প্রণীত বীমা কর্পোরেশন আইন-২০১৯ এ সরকারি সম্পত্তির অনুকূলে শুধুমাত্র সাধারণ বীমা কর্পোরেশন থেকে সকল ধরনের বীমা পলিসি গ্রহণ করার বিধান রয়েছে। বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি সম্পত্তি বা পাবলিক প্রপার্টি সম্পর্কিত ব্যাখ্যা নিম্নে উদ্ধৃত করা হলোঃ

“ধারা ১৬। সরকারি সম্পত্তি বীমাকরণঃ- (১) কোনো সরকারি সম্পত্তি অথবা সরকারি সম্পত্তি সংশ্লিষ্ট কোনো ঝুঁকি বা দায় সম্পর্কিত সকল প্রকার নন-লাইফ বীমা ব্যবসা সাধারণ বীমা কর্পোরেশন ১০০% (শতকরা একশত ভাগ) অবলিখন (underwrite) করিয়া উহার ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) নিজের নিকট রাখিয়া অবশিষ্ট ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) সকল বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানির মধ্যে সমহারে বন্টন করিবে।

ব্যাখ্যা- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, “সরকারি সম্পত্তি” অর্থ-

- (ক) যে কোনো ধরনের স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি যাহা সরকারের সরাসরি নিয়ন্ত্রণে কিংবা সংরক্ষণে রাখিয়াছে এবং যাহার রক্ষণাবেক্ষণের আইনগত দায়িত্ব সরকারের;
- (খ) সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের বরাবরে ন্যস্ত সম্পত্তি;
- (গ) সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের ব্যবস্থাদীনে বা নিয়ন্ত্রণে থাকা কোনো কোম্পানি, খামার, প্রতিষ্ঠান, সংগঠন, উদ্যোগ বা অন্য কোনো স্থাপনা, অথবা যেইগুলিতে সরকারের বা সরকার ও স্থানীয় কর্তৃপক্ষের বা সরকার ও কোনো কোম্পানির যৌথ নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা রাখিয়াছে বা যাহাতে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের ঐরূপ আর্থিক সংশ্লেষ বা স্বার্থ রাখিয়াছে বা কোনো কোম্পানির অর্থায়নে সরকারের গ্যারান্টি রাখিয়াছে;
- (ঘ) সরকারের গ্যারান্টিযুক্ত বৈদেশিক ঋণ বা আর্থিক সাহায্যে পরিচালিত যে কোনো প্রকল্প;
- (ঙ) সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো সম্পত্তি।

ধারা ১৬ (৩) উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিয়া গৃহীত বা ইস্যুকৃত যে কোনো বীমা বাতিল বলিয়া গণ্য হইবে।”

উক্ত বীমা কর্পোরেশন আইন-২০১৯ এর ধারা ৫ এর ২নং উপ-ধারা অনুযায়ী সাধারণ বীমা কর্পোরেশনের অনুমোদিত মূলধন হইবে ১০০০ (এক হাজার) কোটি টাকা এবং পরিশোধিত মূলধন ৫০০ (পাঁচশত) কোটি টাকা। অনুমোদিত ও পরিশোধিত মূলধন বৃদ্ধির ফলে অত্র কর্পোরেশনের আর্থিক সক্ষমতা আরও বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহীত সকল মেগা প্রকল্পের বীমা ঝুঁকি সাধারণ বীমা কর্পোরেশন অত্যন্ত দক্ষতার সাথে অবলিখন (Underwrite) করে আসছে।

সুতরাং বাংলাদেশে বর্তমানে প্রণীত বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি খাতের সকল সম্পত্তির বীমা ঝুঁকি একমাত্র রাষ্ট্রীয় নন-লাইফ বীমা ও পুনঃবীমাকারী প্রতিষ্ঠান হিসেবে সাধারণ বীমা কর্পোরেশন হতে গ্রহণ করার সুস্পষ্ট বাধ্যবাধকতা রয়েছে। এতদসত্ত্বেও বিদ্যমান বীমা আইন লঙ্ঘন করে কোন কোন বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি সরকারি সম্পত্তির অনুকূলে বীমা পলিসি ইস্যু করছে যা কোনভাবেই বাঞ্ছনীয় নয়। নন-লাইফ বেসরকারি বীমা কোম্পানি কর্তৃক সরকারি সম্পত্তির বীমা ঝুঁকি গ্রহণ বর্তমান বীমা আইনের সম্পূর্ণ পরিপন্থী। বীমা কর্পোরেশন আইন-২০১৯ অনুযায়ী সরকারি সম্পত্তির বীমা ঝুঁকির বিপরীতে সাধারণ বীমা কর্পোরেশন থেকে বীমা পলিসি গ্রহণ করার জন্য এবং বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি কর্তৃক সরকারি সম্পত্তির বিপরীতে বীমা পলিসি ইস্যু না করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, কোন বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি কর্তৃক সরকারি খাতের ব্যবসা সংক্রান্ত বীমা পলিসি ইস্যু করা হলে উক্ত পলিসি বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে ইস্যুকৃত পলিসির প্রিমিয়াম ফেরত নেয়া হবে। তাছাড়া উদ্ধৃত পরিস্থিতিতে দাবি সংক্রান্ত বিষয়ে জটিলতা সৃষ্টি করবে।

সাধারণ বীমা কর্পোরেশনে দাবী সমূহ (সরাসরি অবলিখনকৃত ও পুনঃ বীমা) নিষ্পত্তির ক্ষেত্রে বিধি বিধান সম্পর্কিত বিজ্ঞপ্তি

- ১। Insurance Act, 2010 এর 2(30) অনুযায়ী অবশ্যই জরিপকারীগণ তাদের প্রতিবেদন প্রস্তুতপূর্বক তা সংশ্লিষ্ট প্রমাণাদিসহ দাখিল করার বিধান রয়েছে।
- ২। নন-লাইফ বীমা জরিপকারী (লাইসেন্সিং) বিধিমালা, ২০১৮ এর বিধি-১১ এ বর্ণিত উপবিধি-১, ২, ৩ (ক-ঙ), ৪, ৫, ৬, ৭, ৮ এবং ৯ অনুযায়ী জরিপকারীগণ কর্তৃক জরিপ প্রতিবেদন দাখিল করার বাধ্যবাধকতা রয়েছে।
- ৩। Insurance Act, 2010 এর ৭২ বিধি এর উপবিধি ১ এবং ২ অনুযায়ী দাবীসমূহ নিষ্পত্তি করার বিধান রয়েছে।

সৈয়দ বেলাল হোসেন

ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)

সাধারণ বীমা কর্পোরেশন